# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬১

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي مَنْصُورِينَ لَا يَضُرُّهُمْ خِذْلَانُ مَنْ خَذَلَهُمْ حَتَّى تقوم الساعة) (1).

□□ □□□ □

[تعليق الشيخ الألباني]

صحيح ـ ((الصحيحة)) (270 و 403).

(1) هذا تمام الحديث الآتي برقم (7258)

الحديث: 61 ¦ الجزء: 1 ¦ الصفحة: 189

বাংলা

ذِكْرُ إِثْبَاتِ النُّصْرَةِ لِأَصْحَابِ الْحَدِيثِ إِلَى قِيَامِ الساعة

কিয়ামত সংঘটিত না হওয়া পর্যন্ত আসহাবুল হাদীস (হাদীস অনুসরনকারী)-দের জন্য সাহায্য লাভের প্রমাণ- এ সম্পর্কিত বর্ণনা:

৬১. মুয়াবিয়া ইবনু কুররাহ (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মাতের একটি দল অব্যাহতভাবে কিয়ামত পর্যন্ত সাহায্যপ্রাপ্ত হতে থাকবে এবং যারা তাদের অপদস্থ করতে চায় তারা তাদের কোন ক্ষতি করতে সক্ষম হবে না।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: ইবনু মাজাহ, মুকাদ্দমা ৬; আহমাদ ৫/৩৪; তিরমিযী, ২১৯২।

এটি ছাওবান (রাঃ) হতে মুসলিম ১৯২০ ও অন্যরা; মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) হতে বুখারী৩৬৪০ ও অন্যরা; মুয়াবিয়া (রাঃ) হতে বুখারী ৩৪৬১; জাবির ইবনু সামুরাহ (রাঃ) হতে মুসলিম ১৭৪; জাবির ইবনু আব্দুল্লাহ (রাঃ) হতে মুসলিম ১৯২৩; উকবাহ ইবনু আমির (রাঃ) হতে মুসলিম ১৯২৪; উমার ইবনু খাত্তাব (রাঃ) হতে দারেমী ২/২১৩, হাকিম ৪/৪৪৯; ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে আবূ দাউদ ২৪৮৪ এবং আবূ উমামাহ (রাঃ) হতে আহমাদ ৫/২৬৯ তে বর্ণনা করেছেন।

বুখারী বলেন: তারা হলেন আহলুল ইলম (তথা আলিমগণ); আহমাদ বলেন: তারা যদি আহলুল হাদীস না হন, তাহলে আমার জানা নেই তারা আর কারা।' এর ব্যাখ্যায় কাযী আয়ায বলেন : আহমাদ এ দ্বারা আহলুস সুন্নাহ ওয়াল জামা'আহ ও আহলুল হাদীসের আকীদা পোষণকারীদেরকে বুঝিয়েছেন।

আর ইমাম নববী বলেন: একদল দ্বারা অনেক প্রকারের মুমিনদের বুঝিয়েছেন মুজাহিদ, ফকীহ, মুহাদ্দিস, মুফাস্সির, সৎকাজের আদেশ ও অসৎকাজে নিষেধকারী কর্তৃপক্ষ, যাহিদ, আবিদ সকলকেই বুঝানো হয়েছে। (শরহে মুসলিম ১৩/৬৬-৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু কুররাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86960

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন